ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৭৬

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'জানা-অজানা বীর সংগ্রামী ও দেশপ্রেমিক নাগরিকদের আত্মত্যাগের বিনিময়ে আমাদের এই স্বাধীনতা প্রাপ্তি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের সার্বভৌমত্ব ও অখন্ডতাকে রক্ষা করে দেশ কৃষি, শিক্ষা, শিল্প, স্বাস্থ্য, বিজ্ঞান ও প্রযুক্তিসহ নানা দিক দিয়েই উন্নতির শিখরের দিকে এগিয়ে চলেছে। আমাদের সকলের সহযোগিতা ও অংশগ্রহণের মধ্য দিয়ে আমরা সেই কাঙ্খিত লক্ষ্যে এগিয়ে যেতে চাই। প্রধানমন্ত্রীর বিকশিত ভারত গড়ার স্বপ্নকে সফল করে আমাদের রাজ্যকে আরো শক্তিশালী ও উন্নত রাজ্য হিসাবে গড়ে তুলতে আমরা দায়বদ্ধ। সকলের জন্য এক উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার অঙ্গীকারই হোক আমাদের মহান স্বাধীনতা দিবসের মূল আহ্বান। আমি সকল রাজ্যবাসীর সুখ-সমৃদ্ধি ও শান্তি কামনা করছি।'

******